

25 সেপ্টেম্বর, 2020

প্রিয় পরিবারবর্গ,

আমাদের বিল্ডিং যখন খুলবে এবং আপনার সন্তান তার স্কুল কমিউনিটির সাথে পুনরায় সম্পৃক্ত হবে, তা আমাদের স্মরণ করিয়ে দিয়েছে দেশের সবচেয়ে বড় স্কুল সিস্টেম পরিচালনায় আমাদের সকলের কী পরিমাণ কাজ করতে হয়। আমাদের 1.1 মিলিয়ন শিক্ষার্থীদের পরিষেবা প্রদান করতে অসম্ভব পরিমাণ রিসোর্স বা সংস্থান প্রয়োজন হয়, এবং বর্তমানে আমাদের সিটির নিদারুণ চাহিদার সময় ফেডারেল সরকার আমাদের অর্থ দিয়ে সহায়তা করছে না।

আপনি 2020 যুক্তরাষ্ট্রের আদমশুমারি বা সেনসাস পূরণ করে বিরাট পার্থক্য গড়ে দিতে পারেন। যদিও আদমশুমারি (সেনসাস) সাময়িকভাবে বর্ধিত করা হয়েছে, কিন্তু চূড়ান্ত শেষ তারিখ এখনও নির্ধারিত হয়নি, সেজন্য আমি পরিবারদের আজই পূরণ করতে উৎসাহিত করছি। এটা সকল নিউ ইয়র্কবাসীদের গণনা করার জন্য একটি ছোট জরিপ, এবং এটা প্রতি দশ বছরে একবার করা হয়। এটা পূরণ করা আমাদের সিটির ফেডারেল সরকার থেকে প্রাপ্য অর্থ, ক্ষমতা, এবং সম্মান নিশ্চিত করে।

একটি সঠিক জনসংখ্যা গণনা ছাড়া, আমাদের সিটি আমাদের স্কুলগুলোর পাশাপাশি, হেলথকেয়ার, রাস্তা মেরামত, হাসপাতাল, গণ পরিবহন, এবং আরো অনেক কিছুর জন্য বিলিয়ন বিলিয়ন ডলার ফেডারেল অর্থায়ন পাবে না। এমনকি নিউ ইয়র্ক কংগ্রেসে দুইটি আসন হারাবে।

অতিসত্ত্বর কীভাবে পূরণ করা যাবে তা এখানে দেয়া হলো:

যুক্তরাষ্ট্রের আদমশুমারি বা সেনসাস কীভাবে পূরণ করতে হবে

- অনলাইনে my2020census.gov -ওয়েবসাইট দেখুন।
- এটা পূরণ করতে পাঁচ মিনিট বা এরচেয়ে কম সময় লাগে।
- আদমশুমারি বা সেনসাস 15-টি ভাষায় পাওয়া যায়।

আদমশুমারি বা সেনসাস নিরাপদ ও গোপনীয়

- আদমশুমারি (সেনসাস) সকল বাসিন্দাদের গণনা করে, তাদের নাগরিকত্ব কিংবা অভিবাসন অবস্থা যাই হোকনা কেন—অতএব, আদমশুমারি (সেনসাস) নাগরিকত্ব সম্পর্কে কোনো প্রশ্ন অন্তর্ভুক্ত করে না।
- এমনকি আপনি যদি আনডকুমেন্টেড (কাগজপত্র না থাকে) হন, আদমশুমারির (সেনসাস) ফর্ম পূরণ করলে তা আপনাকে বা আপনার পরিবারকে কোনো ঝুঁকিতে ফেলবে না।
- আদমশুমারি (সেনসাস) গোপনীয়, ফেডারেল আইন দ্বারা সুরক্ষিত, যা কঠোরভাবে গোপনীয়তা নির্ধারণ করেছে, এবং কখনোই আপনার বিরুদ্ধে আদালতে, সরকারি এজেন্সি, আইন রক্ষাকারী কর্তৃপক্ষ, অথবা তৃতীয় পক্ষ যেমন কোনো ব্যবসা অথবা আপনার বাড়িওয়ালার ব্যবহার করতে পারবে না।

গণনা কম হলে অনেক কিছুর উপর প্রভাব পরবে, অতএব অনুগ্রহ করে আদমশুমারি (সেনসাস), যদি ইতোমধ্যেই আপনি তা না করে থাকেন, এবং আপনার বন্ধু ও পরিবারের সদস্যদেরও পূরণ করতে উৎসাহিত করুন।

সকল নিউ ইয়র্কবাসীকে গণনা করা হয়েছে তা নিশ্চিত করা আমাদের সিটি ও আমাদের সন্তানদের ভবিষ্যতের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ।

বিনীত,



রিচার্ড এ. কারানজা (Richard A. Carranza)

চ্যান্সেলর

নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন